

মিডওয়াইফ বা ধাত্রীর প্রয়োজনীয়তা সম্পর্কে ভেবেছেন কি?

পয়েন্ট-সেইন্ট-চার্লস কমিউনিটি ক্লিনিকে ধাত্রীসেবা (মিডওয়াইফারি সার্ভিস)

ইতিহাস ও মূল্যবোধ

২০১০: পয়েন্ট-সেইন্ট-চার্লসে সন্তান-প্রসবকেন্দ্র ও ধাত্রীসেবার দরকার বোধ করার ফলে এলাকার অনেক পরিবার ও নারীর সম্মিলিত প্রচেষ্টায় 'Naître à la Pointe' সংঘ (নেইত্‌খু আ লা পয়েঁ) গড়ে উঠে।

২০১১: Naître à la Pointe এর প্রজেক্ট ক্লিনিক কর্তৃপক্ষ দ্বারা অনুমোদিত হয়।

২০১৬: প্রজেক্টের ফিজিবিলিটি স্টাডি বা কার্যকারিতা বিষয়ক রিপোর্ট স্বাস্থ্য ও সমাজসেবা দপ্তরে (MSSS- Ministry of Health and Social Services) পেশ করা হয়।

২০১৭: প্রজেক্টটি MSSS দ্বারা স্বীকৃত হয়।

২০১৯ (ফল সিজন/সেপ্টেম্বর): ক্লিনিকে ধাত্রীসেবা শুরু হয়।

গর্ভধারণ এবং সন্তান-জন্মদান সংক্রান্ত সিদ্ধান্ত মূলত নারীর এবং তার পরিবারের উপর নির্ভর করে। আমাদের ধাত্রীসেবায় আমরা পারস্পরিক বিশ্বাসের উপর ভিত্তি করে এক সার্বজনীন ও নারীবাদী পন্থার মাধ্যমে মা ও শিশুর সুস্বাস্থ্য নিশ্চিত করতে কাজ করি।

সেবা-সমূহ

- প্রেগন্যান্সির শুরু থেকে সন্তান-প্রসবের পর ৬ সপ্তাহ পর্যন্ত মা ও শিশুর সব ধরনের সেবা।
- এ সময়ে প্রয়োজনীয় বিভিন্ন ধরনের টেস্ট করার ব্যাপারে পরামর্শ ও সহায়তা দেওয়া হয়, উদাহরণস্বরূপ- আল্ট্রাসাউন্ড, রক্ত ও মূত্র পরীক্ষা, জেনেটিক স্ক্রিনিং, প্যাপ টেস্ট ইত্যাদি।
- সন্তান-জন্মপূর্ব ক্লাস (প্রিন্যাটাল ক্লাস)

- বাড়ি অথবা হাসপাতালে জন্মদান – বার্থিং সেন্টার বা জন্মদানকেন্দ্রেও জন্ম দান করা সম্ভব হবে সেন্টারটি চালু হলে
- জন্মের পর বাড়িতে গিয়ে সেবা দেওয়া- প্রথম, তৃতীয় ও পঞ্চম দিন।
- ব্রেস্টফিডিং-সম্পর্কিত সহায়তা

RAMQ এর (র্যামকিউ) বদৌলতে ১৯৯৪ সাল থেকেই সবগুলো সেবা সম্পূর্ণ ফ্রি!

ধাত্রীবিদ্যা (midwifery)

মিডওয়াইফ বা ধাত্রী হলেন কেবকের পাবলিক হেলথকেয়ার সিস্টেমে স্বাধীন ও পেশাদারভাবে সেবাদানকারী ব্যক্তি। তাঁরা মাতৃত্ব-সংক্রান্ত সকল প্রকার সেবা দিয়ে থাকেন- তথা একজন মায়ের শারীরিক বা মানসিক যে ধরণের সহায়তাই দরকার হোক না কেন। এই প্রসেসের পুরোটা সময়ই মিডওয়াইফ আপনার পাশে থাকবেন, যা নিরাপদ বোধ করতে ও বিশ্বাস গড়ে তুলতে সাহায্য করবে। মিডওয়াইফ ও তাঁর পার্টনার সার্বক্ষণিক সেবা দিতে প্রস্তুত (available 24/7)।

মিডওয়াইফ বা ধাত্রীরা সাড়ে চার বছরব্যাপী বিশ্ববিদ্যালয়ে প্রশিক্ষণপ্রাপ্ত, এবং তাঁরা কেবেক কলেজ অফ মিডওয়াইভস এর সদস্য (Quebec College of Midwives - Ordre des sages-femmes du Québec)। মা ও শিশুর যে কোন ধরণের ইমার্জেন্সি পরিস্থিতি মোকাবেলা করার ব্যাপারে প্রশিক্ষণপ্রাপ্ত তাঁরা। এ সংক্রান্ত নতুন কোন ট্রেনিং চালু হলে ডাক্তার ও নার্সদের পাশাপাশি মিডওয়াইফরাও অংশগ্রহণ করেন।

মিডওয়াইফরা মেডিক্যাল টিমের সাথে পার্টনারশিপে কাজ করেন। অর্থাৎ প্রেগন্যান্সি, জন্মদান এবং জন্মদানের পর- যে কোন সময়েই প্রয়োজনে মেডিক্যাল টিমের সাথে পরামর্শ বা সেবাগ্রহীতাকে মেডিক্যাল টিমের কাছে স্থানান্তর করতে তাঁরা প্রস্তুত। পরিবার ও নারীর জন্য গুরুত্বপূর্ণ বিভিন্ন স্থানীয় সংগঠনের সাথেও তাঁরা কাজ করে থাকেন।

যোগাযোগের ঠিকানা

Midwifery services

Pointe-Saint-Charles Community Clinic

1955 Centre street

Montreal, Quebec

H3K 1J1

514 937-9251 ext. 2323 (BÉBÉ)

ccpsc.qc.ca/en/mws

www.facebook.com/CliniqueCommunautairePSC

Image credit: <https://marieserreau.wordpress.com/>